# টাঁড় বনের উপকথা

(আবৃত্তিযোগ্য আঞ্চলিক কবিতাগুচ্ছ)

পার্থসারথি গায়েন

পত্রলেখা

১০বি কলেজ রো কলকাতা ৭০০ ০০৯

## সূচিপত্র

সব্বো শিক্ষা ১১ বাবুমশাইরা (দক্ষিণ চব্বিশ পরগনার আঞ্চলিক ভাষা) ১৪
লাটকের দুর্ভিক্ষ ১৭ ম তুমাদের লক বট্যে ২০ ভোদ্দোর লোক ২৩
মাড় ভাতের গান ২৬ টাঁড় বনের উপকথা ২৯ ভ্যাট দিব কারে ৩২
কেঁদুপাতায় ট্যাকসো ৩৩ বেহায়া সুউখ পাখি ট ৩৪ শহীদের ইতিহাস ৩৬
লিমকহারাম ৩৮ ডাইন ৪০ সব আলো বুইতে যেতিছে ৪২
য্যামন মানষি তেমনি দ্যাবতা ৪৪ বিসজ্জনে বাইজী লাচ ৪৬
মাকে দিবক লাই ৪৮ বাতিল ঘোড়া ৫০ সইত্য সেলুকস ৫২
ভাত কুরকুরায় ৫৫ মোরগা লড়াই ৫৮
ভেকধারী ৬০ উল্টা পুরাণ ৬৩ দিন বদল হইছ্যে ৬৫ স্বপন ৬৭

## সব্বো শিক্ষা

হ্য কে বট্যে আইজ্ঞা আপনি?
মনে লিছে লিশ্চয় হুবেন
কোনো মহাজোন!
হ্য, মাস্টর আছেন?
পেন্নাম লিবেন গ মাস্টর
হ্য মাস্টর, সোববাই বুইলছ্যে
সবেবা শিক্ষা, সবেবা শিক্ষা
মুরুখ্যু মানুষ, বুইঝতে লারছি,
ই সবেবা শিক্ষা অভিযানট কিসের লগে গ?
মাড়ভাত? লাকি লুতন কুনো হুজুগের পরব গ।

হ্যঁ, কী বুইললেন,
মোদের নুনা-নুনী গ্যাটর ম্যাটর
পইড়ব্যেক্-লিইখব্যেক্
দ্যাশের কুথা,
দশের কুথা
সোমাজের কুথা জাইনব্যেক্!

হেই মাস্টর, শুদ্‌দু কুথা জাইনব্যেক্?
ব্যথা বুইঝব্যেক্ লাই, ব্যথা।
দ্যাশের ব্যথা,
দশের ব্যথা,
বাপ মায়ের মনের ব্যথা?

বুলেন দেখি মাস্টর,
কার পাপে মুদের সুনার দ্যাশের
ইমন হাল হ'ল গ?
লিখাপড়া মানুয সব
দ্যাশের গোপন দলিল বেইচ্যে দিচ্ছে
বিদেশির হাতে,
ভাইয়ের বুকে ভাই বইস্যে দিচ্ছে লক্‌লকে ছুরি;

বাপ মায়ের ভুখা প্যাটে
লাথ মাইরছে
লিখা পড়া জানা মরদ ব্যাটা গ।

মানুষগুলান্ এক এট্টা
দ্বীপের পারা,
ভাই লাই! বন্ধু লাই! লিঃসঙ্গ, একাকী!
চারিদিকে ঘুরঘুট্টি আন্ধার!

হেই মাষ্টর, দোষ লিবেন লাই গ;
মোর মনে লিছে লিয্যাস
ই শিক্ষাটর ভিতরি
বোড়ো গোলদ আছে,
প্যাট ভইর‍্যে গেইল্যে
বনের বাঘ-ভালুক
মনের সুখে ঘুমায়ে পড়ে
আর রোক্ত ঝরায় না,
মানষের লিদ লাই;
প্যাটের ক্ষুধা মিটয়ে গেইল্যে
তার মনের ভুখ
দাউ দাউ দাউ দাউ কইর‍্যে জ্বলে গ;
লোভ দানো ট তারে ঘুরায়ে ঘুরায়ে
কলের চাকার পারা
পিষয়ে পিষয়ে মাইরছে!
সে কাটা ছাগলের মত ছট্ফটায় ছটফটায়;
ঘুমাতে পারেলা...।

মাস্টর, ইমন শিক্ষা দ্যাননা কেনে গ
দ্যাশের লেইগ্যে মানুষ
জান কবুল কইরব্যেক্,
হাসি মুখে ফাঁসির ফান্দাটরে
দোলা দিব্যেক্,
ভাইয়ের দুখেখ ভাই বুকের রোক্ত দিব্যেক্,
আখেরের কুথা ভাবব্যেক্ লাই।

বুড়া বাপ মায়ের
মরা মাছের মথ ফ্যাকাশে চৈহখের দিকে তাইক্যে
তাদের জোয়ান মরদ ব্যাটা
পলাশ ফুলের পারা
বুনো হাসি ছড়ায়ে বুইলব্যেক্ -
ভয় কিরে বাপ, ভয় কিরে মা,
তুদের মরদ ব্যাটা আছ্যো।
তাদের ঘোলা চৈইখে আবার
ফুইট্যে উইঠব্যেক্ ভালবাসার ঝুম্ ঝুম্ রোদদুর,
তারা ঘুমায়ে ঘুমায়ে স্বপন দেইখব্যেক্
কে যেন তাদের গায়ে মিঠ্যে হাত বুলায়ে বুলায়ে
ঘুম পাড়ানি গান গাইছ্যে -
আয় ঘুম, ঘুম আয়..........
আয় ঘুম, ঘুম আয়..........
আয় ঘুম, ঘুম আয়..........।

## বাবুমশাইরা (দক্ষিণ চব্বিশ পরগনার আঞ্চলিক ভাষা)

বাবুমশাইরা, পেন্নাম হই,
আমি জ্যাবন,
সোন্দর বনের গাঁ গেরাম থেইক্যে
দাদাদের মিটিনে এইয়েচ্যি
বেইরিচি হেই নিশ্ সকালে।
মিছিলে এপথ সেপথ ব্যাবাক ঘুইর‍্যে
শ্যালদা ইষ্টিশনে এইস্যে দেখি
মানষির সোমুদ্দুর!
দাদাদের এলেম আছে বলতি হবে,
আস্তার গাড়ি - ঘোড়া হব থেইম্যে দেচে;
পুলুশ যে পুলুশ
হও দেঁইড়ি আচে পুতুলির মত।

মিচে কতা কবুনি
দাদারা প্যাট পুইর‍্যি মাচ ভাত খেইয়্যেচে;
তবে জ্যাবনও নেমক হারাম লয়,
ঝকোন ঝেমন বইল্যেচে
চেঁইচ্যে পিলে চমক দিচি
চলবেনা চলবেনা - - -
তো...চ...লে...বে...না,...চ...ল... বে...না।
ভেঁঙি দ্যাও গুঁইড়ি দ্যাও
তো-ভেঁ..........ঙি দ্যাও.........গুঁ-ই-ড়ি........দ্যাও।

দাদাদের বলেচিনু
কী চলবেনা গো - দাদারা?
শু-দ্-দু ভাঁঙব্যেন?
ম্যোটে গড়ব্যেন্য না!
দাদারা হুংকার দিয়ে বইলে চিল -
'তুই মুখ্যু মানুষ,
তোর এত পেশ্ন কেনো'!
ভয়ে সেঁইদে গিচি

আর শুদোই নি।
হক্ কুথা,
মুখ্যু মানষীর প্যাট কাপড়ের দায়;
তার এত পেশ্ন মানায় না!

মিটিনের মাঝখানে
সইট্‌কে পইড়েচি,
বাবা বইলেচিল, জ্যাবন, সুযোগ এলি
কইলকাতাটা ঘুইর‍্যে দেখিস,
জনম সাত্থক হইয়্যে যাবে।.

মিচে কতা কয়নিকো।
কী আজব শহর বাইনেচেন গো বাবুরা,
ইয়া পেল্লায় পেল্লায় বাড়ি
ঘাড় উঁচু করি দেখতি হয়,
মনে হয় ঝেনো চাঁদ সূয্যি ধরতি যাচ্ছে,
আর আস্তা গুলো?
ঝেনো সাঁওতাল যোবতীয় চ্যাকন গা,
উপ ঠিকরে পইড়চ্যে!
লোম্বা লোম্বা টেরেন গুলো,
হু... শ... কইর‍্যে শ্যালের মত
সেঁইদে যাচ্ছে গত্তের ভেতর,
ওবাক কান্ড!
ভাবলি বুকের ভেতরডা
ছুম্ ছুম্ ছুম্ ছুম্ কইর‍্যে উঠ্যে!

কিন্তু এট্টা বেদনা বুকের ভেতর
বড্ড মোচড় দ্যেচ্চে গো বাবুমশাইরা
ওইযে শ্যালদা ইস্টিশনের চারপাশে
ঝে মানুষ গুলান খোলা আকাশের নেচে
ওদ জল অগেরাজ্জি করে
শুয়ি আচে;
ওদের বেত্যান্ত খুইব জানতি ইচ্চে হয় গ।

কালো কালো পোলাপানগুলার
পেটটা ফুইল্যা ঢোল,
ওগা-প্যাটকা যোবতী মেয়ে গুলান
খাঁটো কাপড়ে লোজ্জা ঢাকতি না পেইর‍্যে
লোজ্জা হারা হইয়্যে গেচে!

বাবুমশাইরা, আপনোরা বোড়ো মানুষ
আপোনাদের লোজ্জা কম;
কিন্তু মোদের যে বড্ড বুকি বাজে গ।
ঝদি অভয় দেন তো ছিচরণে
এট্টা নিবেদন করি।
শুদ্দু এটটা মিটিন
ওদের জন্যি করলি হয়না?
বন্দ করবার জন্যি নয়,
ভেঙি ফেলবার জন্যি নয়
শুদ্দু ওদের ভালোর জন্যি!

মনটা বড়ো কু গাইচে গো বাবুমশাইরা,
ওইযে মিটিনে দাদারা বুইলল,
কোন ঠাকুর নাকি বইলেচে
ঝারে তুমি প্যাচনে ফেইলব্যে
হেও তোমারে প্যাচনে টাইনব্যে।

বাবুমশাইরা এ্যতো শখের শহর বাইনেচ্যেন
আর ওরা ঝদি প্যাচন থেইক্যে
টাইন মার‍্যে ...............এ্যাঁ...।

# লাটকের দুর্ভিক্ষ

হ্য আইজ্ঞা, বোড়ো ধইন্দ্যে পইড়েছি
টুকদু বিচার কইর‍্যে দ্যান।
সেদিন রেতে মহাজোনের ঘরকে গেলম
কাজ কামের তালাশে,
মহাজোন বুইলল, বুধন, রাতট থেইক্যে যা
টুক্‌চেক্ কাম আছে।
মহাজোনের ব্যাটা বুইলল,
থেইক্যে যা বুধন, রেতে কলের মিশিনে
দুভিভক্ষের সিনেমা হব্যেক্,
দমে দেখিস, খুইব শিইক্ষে পাবি,
জাইনত্যে পাইরবি বিদেশীর অপোশাসন
কারে বুল্যে।

হ্য, কী-দেইখলম গ!
খুরায় আগুনের পারা জ্বইলছ্যে সব...
রুখা শুখা মাঠগুলার ফাটল থেইক্যে
লাগিনের হিস্ হিস্ শ্বাস উইঠছ্যে,
সোঁ সোঁ কইর‍্যে ডাইন বাতাস বইছ্যে
ঠিনে ঠিনে পইড়্যে আছে মানষির মরা লাশ।

রেতের আন্‌ধারে পিশাচের পারা
চোখ জ্বালয়ে জ্বালয়ে ঘুইরছ্যে
কোঙ্কালসার মানুষ,
জোড়ে জল লাই...
গাছে পাতা লাই...
ঘরে ঘরে কাইনছ্যে ভুখা মানুষ;
ভুখা শিশুর তাজা রোক্ত খেইয়্যে
লেইচ্যে বেড়াচ্ছে শ্যাল শোকুন,
বুকের রোক্ত জইমে হিম!

মহাজোন বুইলল,
বুঝো, বুঝো, বিদেশীর অপশাসন কারে-বুল্যে, হ্য!
ঘরে এইস্যে বউরে সব খুইল্যে বইললম,
হ্য আইজ্ঞা, মেইয়্যে মান্যীর মনের কুথা কে বুঝ্যে,
ফল উলটা হ'ল,
রেইগ্যে বুইলল,
ভুখা মাগের প্যাটে ভাত লাই,
লেইচ্যে বেড়ায় শলা লাগর কানাই।
সাত জম্মে বোড়ো লক একবার ভুখা মইরল্যে
কবিয়াল গান বাইনধ্যে,
লকের মুখে মুখে কুথা ছুট্যে,
লাটক হয়!

মোদের গরিবের প্যাটের খবর কে রাখ্যে, হ্য!
ভুখ দানো ট সাথে সাথে ঘুর্যে;
উ সনে শাল চারার পারা
ছেলে ট মোর লা খেতি পেইয়্যে
শুকায়ে শুকায়ে মইর্যে গেল;
বুক ফাইট্যে কাঁইদলম্
বুকের অসুখ হল
লাটক হলনা।
তিন দিন ধইর্যে শালুক ফুল
খেইয়্যে আছি
কবিয়ালের দেখা লাই....।

দ্যাখ্, দ্যাখ্ কেনে,
বুকি মেয়ে মানষীর কোন চিহ্ণি আছ্যে?
শলা বিদেশীর অপোশাসন, বিদেশীর অপোশাসন, হ্য।
নুনা-নুনীর প্যাটে ভাত লাই
মরদের কাম লাই
কামিনের ইজ্জত লাই
কোন রাম রাইজ্যে আছি হে!
শলা বুলোদ মরদ
বোড়ো লকের দুখে দোরোদ দেখাইছ্যে, থ্যুঃ!